

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর
ব্যাস্কেট ভবন, আগারগাঁও, ঢাকা-১২০৭
www.doict.gov.bd

স্মারক নং- ৫৬.০৮.০০০০.০০৩.১৮.০০১.১৪- নং ৭৮

তারিখ: ২৭/০৭/২০১৫ খ্রি:

বিষয়: তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তরের মাঠ পর্যায়ের (জেলা ও উপজেলা) দায়িত্বাবলী অবহিতকরণ।

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, ৩১ জুলাই, ২০১৩ খ্রি তারিখে দেশে তথ্যপ্রযুক্তির সম্প্রসারণে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর গঠিত হয়। ইতোমধ্যে এ অধিদপ্তরে ২০০ জন কর্মকর্তাকে (২ জন প্রোগ্রামার ও ১৯৮ জন সহকারী প্রোগ্রামার) মাঠ পর্যায়ে পদায়ন করা হয়েছে। পদায়নকৃত কর্মকর্তাদের নিম্নোক্ত কার্যাবলী (প্রযোজ্য ক্ষেত্রে) সম্পাদনের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

কার্যাবলীসমূহ:

- ১। সরকারের সকল পর্যায়ে আইসিটি'র ব্যবহার ও প্রয়োগ নিশ্চিতকরণ ও সমন্বয় সাধন;
- ২। মাঠ পর্যায় পর্যন্ত সকল দপ্তরে আইসিটি'র উপর্যুক্ত অবকাঠামো সৃষ্টিতে সহায়তা প্রদান, রক্ষণাবেক্ষণ এবং সাপোর্ট প্রদান;
- ৩। সকল পর্যায়ে তথ্য প্রযুক্তির কারিগরী ও বিশেষায়িত জ্ঞান হস্তান্তর;
- ৪। তৃণমূল পর্যায় পর্যন্ত জনগণকে ইলেকট্রনিক পদ্ধতিতে সেবা প্রদানে উদ্যোগে গ্রহণ এবং এতদ্বয়ে তথ্য সংগ্রহ, বিতরণ ও গবেষণা কার্যক্রম পরিচালনা;
- ৫। যন্ত্রপাতি ইত্যাদির চাহিদা, মান ও ইন্টারঅপারেবিলিটি নিশ্চিতকরণ;
- ৬। জেলা/উপজেলায় আইসিটি সংক্রান্ত বিভিন্ন কমিটিতে অংশগ্রহণ;
- ৭। জেলা/উপজেলায় আইসিটি সম্প্রসারণের অগ্রগতি সংক্রান্ত প্রতিবেদন প্রেরণ;
- ৮। তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের আওতাধীন অন্যান্য সংস্থার মাঠ পর্যায়ের কার্যক্রম বাস্তবায়নে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান;

অধিকন্তু, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর/ তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ কর্তৃক সময় সময় জারীতব্য যেকোন নির্দেশ/কার্যক্রম সম্পাদন করতে হবে।

মোঃ গোলাম রববানী (যুগ্ম-সচিব)
অতিরিক্ত মহাপরিচালক
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর
ফোনঃ ৮১৮১০৯৯ (অফিস)

প্রোগ্রাম/সহকারী প্রোগ্রামার (সকল)

তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণে (জ্যোষ্ঠার ভিত্তিতে নহে):

- ১। জেলা প্রশাসক, সকল জেলা, (তাঁকে উপর্যুক্ত কার্যাবলী সম্পাদনে প্রয়োজনীয় সহযোগিতা প্রদানের অনুরোধসহ)।
- ২। উপজেলা নির্বাহী অফিসার, সকল উপজেলা, (তাঁকে উপর্যুক্ত কার্যাবলী সম্পাদনে প্রয়োজনীয় সহযোগিতা প্রদানের অনুরোধসহ)।
- ৩। প্রতিমন্ত্রীর একান্ত সচিব, আইসিটি বিভাগ, বিসিসি ভবন (৬ষ্ঠ তলা), আগারগাঁও, ঢাকা (প্রতিমন্ত্রী মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৪। সচিবের একান্ত সচিব, আইসিটি বিভাগ, বিসিসি ভবন (৫ম তলা), আগারগাঁও, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৫। মহাপরিচালকের ব্যক্তিগত সহকারী, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, ব্যাস্কেট ভবন, আগারগাঁও, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৬। অফিস নথি / মাষ্টার ফাইল।